**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)**
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
পর্যটন ভবন (৯ম তলা), প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও
শেরে-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
www.frc.gov.bd

# নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি আবেদনের গাইডলাইন

নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির জন্য ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন ২০১৫ এর ২(১৫) এর সংজ্ঞা অনুযায়ী “নিরীক্ষা ফার্ম অর্থ নিরীক্ষা সেবা প্রদানকারী একক বা যৌথ অংশীদারিত্বে পরিচালিত কোনো প্রতিষ্ঠান বা ফার্ম নিবন্ধিত হউক বা না হউক”।

তালিকাভুক্তি আবেদনের প্রয়োজনীয় গাইডলাইন নিম্নে উল্লেখ করা হলো:

<table>
<tr><td>কে আবেদন করতে পারবে</td><td>

- একক মালিকানাধীন (Sole Proprietorship) ফার্মের ক্ষেত্রে মালিক (Proprietor)
- অংশীদারি (Partnership) ফার্মের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত/ক্ষমতাপ্রাপ্ত অংশীদার (Authorized Partner)

</td></tr>
<tr><td>একাধিক আবেদনের ক্ষেত্রে</td><td>একটি ফার্মের একজন আবেদনকারী শুধুমাত্র একটি পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের নিবন্ধিত ফার্ম হিসাবে কাউন্সিলের নিকট তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবে। একজন চার্টার্ড একাউন্টেন্ট বা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট শুধুমাত্র একটি চার্টার্ড একাউন্টেন্ট বা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট ফার্মের মালিক বা অংশীদার হিসাবে তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবে।</td></tr>
<tr><td>কে তালিকাভুক্তি ফি প্রদান করবে এবং ফি’র পরিমাণ কত হবে</td><td>

নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির জন্য ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর তফসিল-২ এ বর্ণিত ফি এর সাথে ১৫% ভ্যাটসহ ফি প্রদান করতে হবে।

| ক্রমিক নং | আবেদনকারীর ধরন | তালিকাভুক্তির ফি (টাকা) | ভ্যাট এর পরিমাণ (১৫%) | মোট ফি এর পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | একক মালিকানাধীন বা একক নিরীক্ষা ফার্ম | ৫,০০০/- | ৭৫০/- | ৫,৭৫০/- |
| ২ | অংশীদারি নিরীক্ষা ফার্ম (৫ জন পর্যন্ত অংশীদার বা নিরীক্ষক) | ১৫,০০০/- | ২,২৫০/- | ১৭,২৫০/- |
| ৩ | অংশীদারি নিরীক্ষা ফার্ম (৫ জনের অধিক কিন্তু ১০ জন পর্যন্ত অংশীদার বা নিরীক্ষক) | ৩০,০০০/- | ৪,৫০০/- | ৩৪,৫০০/- |
| ৪ | অংশীদারি নিরীক্ষা ফার্ম (১০ জনের অধিক কিন্তু ২০ জন পর্যন্ত অংশীদার বা নিরীক্ষক) | ৫০,০০০/- | ৭,৫০০/- | ৫৭,৫০০/- |
| ৫ | নিরীক্ষা ফার্মের শাখা কার্যালয় (প্রত্যেক শাখা কার্যালয়ের জন্য) | ৫,০০০/- | ৭৫০/- | ৫,৭৫০/- |

**উদাহরণ:**

(১) ‘ক’ একটি একক মালিকানাধীন নিরীক্ষা ফার্ম। সুতরাং ‘ক’ ফার্মের তালিকাভুক্তি ফি’র পরিমাণ হবে ৫,৭৫০/- টাকা।
(২) ‘খ’ একটি অংশীদারি নিরীক্ষা ফার্ম। যদি ‘খ’ ফার্মের অংশীদারের সংখ্যা ৭ জন এবং শাখা কার্যালয়ের সংখ্যা ২ টি হয়, তাহলে তালিকাভুক্তি ফি’র পরিমাণ হবে {৩৪,৫০০+(৫,৭৫০x২)} = ৪৬,০০০/- টাকা।
(৩) অনলাইন/অফলাইন এ নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির ফি জমাকরণ রশিদের মূলকপি অফলাইন আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে।

</td></tr>
</table>


| নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি আবেদন ফরম পূরণের গাইডলাইন: | |
|---|---|
| আবেদন নিবন্ধন নং ও তারিখ<br>তালিকাভুক্তির নিবন্ধন নং ও তারিখ | কাউন্সিল কর্তৃক পূরণীয় (আবেদনকারীকে পূরণ করতে হবে না)। |
| ফার্মের ধরন<br>(Type of Firm) | (ক) আবেদনকারী একক মালিকানাধীন ফার্মের মালিক বা কর্মরত নিরীক্ষক হলে **'একক মালিকানাধীন (Sole Proprietorship)'** এর পাশের বক্সে অথবা আবেদনকারী অংশীদারি ফার্মের অংশীদার বা কর্মরত নিরীক্ষক হইলে **'অংশীদারি (Partnership)'** এর পাশের বক্সে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| | (খ) আবেদনকারীর ফার্ম চার্টার্ড একাউন্টেন্সি ফার্ম হিসাবে কাউন্সিলের নিকট তালিকাভুক্ত হতে চাইলে **'চার্টার্ড একাউন্টেন্সি (Chartered Accountancy)'** এর পাশের বক্সে অথবা, কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্সি ফার্ম হিসাবে কাউন্সিলের নিকট তালিকাভুক্ত হতে চাইলে **'কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্সি (Cost and Management Accountancy)'** এর পাশের বক্সে টিক (√) চিহ্ন দিতে হবে। |
| একাধিক কার্যালয়ের<br>(Offices) ক্ষেত্রে | • আবেদনকারীর ফার্মের কার্যালয় (Office) সংখ্যা ০১ টি হলে 'হ্যাঁ (Yes)' বক্সে (√) চিহ্ন দিতে হবে।<br>• একাধিক কার্যালয়ের ক্ষেত্রে 'না (No)' বক্সে (√) চিহ্ন দিতে হবে এবং নিরীক্ষা ফার্ম আবেদন ফরমের (ফরম-২) ৭.২: 'নিরীক্ষা ফার্মের কার্যালয়সমূহ এবং কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত অংশীদার/ কর্মকর্তার বিস্তারিত বিবরণ' এ চাহিত তথ্য প্রদান করতে হবে। |
| অন্যান্য তথ্য<br>(Other Information) | অংশীদারি চুক্তি (Partnership Deed) একক মালিকানাধীন ফার্মের ক্ষেত্রে প্রযোজ্য নয়। |
| | **আয়কর রিটার্ণ প্রদানের হালনাগাদ তথ্য (Up-to-date income tax payment info.):** ফার্মের নামে আলাদা E-TIN থাকতে হবে ও E-TIN এর ছায়ালিপি সংযুক্ত করতে হবে এবং সর্বশেষ আয়কর রিটার্ণ জমাকরণের প্রাপ্তি স্বীকার পত্রের ছায়ালিপি (Return Acknowledgment Slip) সংযুক্ত করতে হবে। |
| | **ভ্যাট প্রদানের হালনাগাদ তথ্য:** অবশ্যই ফার্মের নামে BIN থাকতে হবে ও BIN এর ছায়ালিপি সংযুক্ত করতে হবে এবং হালনাগাদ ভ্যাট রিটার্ণের ছায়ালিপি সংযুক্ত করতে হবে। |
| | বার্ষিক রিটার্নের ছায়ালিপি (Copy of Annual Return)- বিগত অর্থ বছর বা ক্যালেন্ডার বছর যা প্রযোজ্য তার তথ্য-উপাত্ত সংযুক্ত করতে হবে। |
| নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ<br>(Regulatory Authority) | "নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ অর্থ এইরূপ কোনো কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠান যাহার নিকট রেজিস্টারভুক্ত, নিবন্ধিত বা লাইসেন্সপ্রাপ্ত না হইলে বা উক্ত কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠানের অনুমোদন না পাইলে সংশ্লিষ্ট ব্যক্তি বা জনস্বার্থ সংস্থা উহার কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না"। |
| নিরীক্ষা ফার্মের কার্যালয়ের বিস্তারিত (Details of audit firm's offices) | • মোট কার্যালয়ের সংখ্যা।<br>• কার্যালয়ের ক্রমিক নং: (ক্রমানুসারে লিখতে হবে)।<br>১. প্রধান কার্যালয়<br>২. শাখা কার্যালয় -১<br>৩. শাখা কার্যালয় -২ |
| নিরীক্ষা ফার্মের প্রত্যেক অংশীদারের বিবরণ (Details of each partner of the audit firm) | প্রত্যেক অংশীদারের জন্য আলাদা আলাদাভাবে তথ্য প্রদান করতে হবে। |

| | |
|---|---|
| অভিজ্ঞতার বছর (Experience years) | প্রথম নিরীক্ষা চর্চা সনদ (CoP) প্রাপ্তির দিন থেকে অভিজ্ঞতা গণনা করা হবে (ফার্মে নিরীক্ষা কাজ শুরু করার বছর উল্লেখ করলেই হবে)। ICAB বা ICMAB এর কোন রেজিস্ট্রেশন বা রেফারেন্স থাকলে তা দিতে হবে। |
| একাডেমিক বা শিক্ষাগত যোগ্যতা (Academic or Educational Qualifications) | • একক মালিকানাধীন ফার্মের ক্ষেত্রে মালিক, অংশীদারি ফার্মের ক্ষেত্রে প্রত্যেক অংশীদার এবং মালিক/অংশীদার ব্যতিত অন্যান্য চার্টার্ড একাউন্টেন্ট অথবা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট এর একাডেমিক বা শিক্ষাগত যোগ্যতা **'ছক-ক'** অনুযায়ী পূরণ করতে হবে।<br>• **লেভেল/পরীক্ষা:** সর্বশেষ লেভেল/পরীক্ষা হতে শুরু করে ক্রমানুসারে প্রত্যেকটি লেভেল/পরীক্ষার নাম ও তথ্য প্রদান করতে হবে এবং সংশ্লিস্ট সনদের অনুলিপি সংযুক্ত করতে হবে। |
| রেজিস্ট্রেশন নম্বর (Registration No.) | • কোর্স কমপ্লিট ছাত্র ও আর্টিকেল স্টুডেন্ট এর জন্য রেজিস্ট্রেশন নম্বর প্রযোজ্য হবে।<br>• শিক্ষানবীশ ছাত্র ও অনিরীক্ষা কর্মী এর জন্য রেজিস্ট্রেশন নম্বর প্রযোজ্য নয়, শুধুমাত্র সংখ্যা উল্লেখ করতে হবে।<br>• কোর্স কমপ্লিট ছাত্র, আটির্কেল স্টুডেন্ট, শিক্ষানবীশ ছাত্র ও অনিরীক্ষা কর্মী এর বিস্তারিত তথ্য সংযুক্তি আকারে অনলাইন এবং অফলাইন আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। |
| হলফনামা (Affidavit) | • আবেদনকারী কর্তৃক হলফনামাটি স্ট্যাম্প এ্যাক্ট, ১৮৯৯ এর বিধান অনসারে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পের মাধ্যমে সম্পাদন করতে হবে।<br>• হলফনামা অনলাইন আবেদনের ক্ষেত্রে স্ক্যান কপি এবং অফলাইন আবেদনের ক্ষেত্রে মূল কপি জমা প্রদান করতে হবে। |


অনলাইন/অফলাইন পেমেন্ট পদ্ধতি

**অনলাইন পেমেন্ট পদ্ধতি:**


- অনলাইন আবেদনপত্রের Payment অপশনে গিয়ে আবেদনকারীর Select Item হতে প্রযোজ্য ফি এর বক্স/বক্সসমূহ নির্বাচন করে Pay Online বাটনে ক্লিক করতে হবে।




- Pay Online বাটনে ক্লিক করলে নিম্নের উইন্ডোটি দেখতে পাবেন।




- উইন্ডোতে প্রদর্শিত পেমেন্ট মাধ্যম (কার্ডস/ মোবাইল ব্যাংকিং/ নেট ব্যাংকিং) ব্যবহার করে ফি প্রদান করুন।
- অনলাইনে নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির ফি জমাকরণ রশিদের মূলকপি অনলাইন এবং অফলাইন উভয় আবেদনপত্রের সাথে সংযুক্তি আকারে জমা প্রদান করতে হবে।

<table>
<tr>
<td></td>
<td>
<u>অফলাইন পেমেন্ট পদ্ধতি:</u>
<ul>
<li>তালিকাভুক্তির প্রযোজ্য ফি “FRC AUDITOR ENLISTMENT FUND” এর নামে যে কোন তালিকাভুক্ত ব্যাংকের মাধ্যমে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করতে হবে।</li>
<li>পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সম্পন্ন হলে অনলাইন আবেদনপত্রের পেমেন্ট অপশনে গিয়ে আবেদনকারীর প্রযোজ্য ফি অনুসারে Offline Payment Information এর সকল তথ্য ও পে-অর্ডারের স্ক্যান কপি পিডিএফ আকারে অনলাইন আবেদনপত্রে সংযুক্ত করে Save Draft & Continue বাটনে ক্লিক করতে হবে।</li>
<li>অফলাইনে নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির ফি জমাকরণ রশিদের মূলকপি অফলাইন আবেদনপত্রের সাথে সংযুক্তি আকারে জমা প্রদান করতে হবে।</li>
</ul>

Offline Payment Information<br>
Head Office Name<br>
Head Office Name<br>
Number of Branch Offices<br>
Number of Branch Offices<br>
Total Amount<br>
Number of Branch Offices<br>
Number of partners<br>
Enter Number of partners<br>
Pay-order/ bank draft no.<br>
Enter pay Order Number<br>
Date<br>
mm/dd/yyyy<br>
Bank Name<br>
Enter bank Name<br>
Branch Name<br>
Enter Branch Name<br>
Fee deposit receipt<br>
Choose file<br>
Browse<br>
*** Original copy of pay-order/ bank draft should be submitted along with the application.<br>
Save Draft & Continue<br>
Offline payment histories
</td>
</tr>
<tr>
<td rowspan="5">তফসিল-১<br>(Schedule-I)</td>
<td><ul><li>শুধুমাত্র বাংলাদেশ ব্যাংক এর নিয়ন্ত্রণনাধীন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান বা অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিরীক্ষা সেবায় আগ্রহী হলে ‘ক-অংশ’ (Part-A) পূরণ করতে হবে।</li></ul></td>
</tr>
<tr>
<td><ul><li>শুধুমাত্র বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর অধীন শেয়ার বাজারে তালিকাভুক্ত জনস্বার্থ সংস্থা বা কোম্পানির নিরীক্ষা সেবায় আগ্রহী হলে ‘খ-অংশ’ (Part-B) পূরণ করতে হবে।</li></ul></td>
</tr>
<tr>
<td><ul><li>শুধুমাত্র মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, এনজিও বিষয়ক ব্যুরো, ক্লাব, ট্রাস্ট, সমাজসেবামূলক প্রতিষ্ঠান, অলাভজনক প্রতিষ্ঠান ও বেসরকারি বিশ্ববিদ্যালয় এর নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন বা অন্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ, ইত্যাদি এর অধীন জনস্বার্থ সংস্থা বা প্রতিষ্ঠানসমূহের নিরীক্ষা সেবায় আগ্রহী হলে ‘গ-অংশ’ (Part-C) পূরণ করতে হবে।</li></ul></td>
</tr>
<tr>
<td><ul><li>শুধুমাত্র বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর অধীন জনস্বার্থ সংস্থা বা বীমা কোম্পানী নিরীক্ষা সেবায় আগ্রহী হলে ‘ঘ-অংশ’ (Part-D) পূরণ করতে হবে।</li></ul></td>
</tr>
<tr>
<td><ul><li>আবেদনকারী ফার্ম অংশ- ক, খ, গ, ঘ এর একাধিক বা সবগুলোর নিরীক্ষা সেবায় আগ্রহী হলে ক্ষেত্রমতে প্রতিটি অংশ আলাদাভাবে পূরণ করতে হবে।</li></ul></td>
</tr>
</table>

*** অনলাইন আবেদনপত্রে উল্লেখিত সকল তথ্য-উপাত্ত এবং সংযুক্তিসমূহ প্রদানপূর্বক Final Submit এর পূর্বে বার বার যাচাই-বাছাই করুন। প্রদানকৃত সকল তথ্য-উপাত্ত এবং সংযুক্তিসমূহ কেবলমাত্র সঠিক হলেই Final Submit করুন, কেননা Final Submit এর পরে আর কোন তথ্য-উপাত্ত বা সংযুক্তি পরিবর্তন করা সম্ভব নয়।

*** Final Submit এর পরে Print Process বাটনে ক্লিক করে আবেদনপত্রটি প্রিন্ট করুন এবং প্রিন্টকৃত আবেদনপত্রটি অফলাইন আবেদনপত্র হিসেবে প্রদানকৃত সকল তথ্য-উপাত্ত এবং সংযুক্তিসহ নির্দিষ্ট সময়সীমার মধ্যে এফআরসি'র কার্যালয়ে জমা প্রদান করুন।



## তফসিল-২

[বিধি ৬(১)(২)(৪)(৫), ৯(১)(২), ১৪(১)(৩)(৪) ও ১৮(১)(৪) দ্রষ্টব্য]

### নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি ও নবায়ন ফি

| ক্রমিক নং | আবেদনকারীর ধরন | তালিকাভুক্তির ফি (বার্ষিক) টাকায় | নবায়ন ফি (বার্ষিক) টাকায় |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | নিরীক্ষক (আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষার জন্য) | ৫০০০/- | ২৫০০/- |
| ২। | নিরীক্ষক (কস্ট নিরীক্ষার জন্য) | ৩০০০/- | ১৫০০/- |
| ৩। | একক মালিকানাধীন বা একক নিরীক্ষা ফার্ম | ৫০০০/- | ২৫০০/- |
| ৪। | অংশীদারি নিরীক্ষা ফার্ম (৫ জন পর্যন্ত অংশীদার বা নিরীক্ষক) | ১৫০০০/- | ৭৫০০/- |
| ৫। | অংশীদারি নিরীক্ষা ফার্ম (৫ জনের অধিক কিন্তু ১০ জন পর্যন্ত অংশীদার বা নিরীক্ষক) | ৩০০০০/- | ১৫,০০০/- |
| ৬। | অংশীদারি নিরীক্ষা ফার্ম (১০ জনের অধিক কিন্তু ২০ জন পর্যন্ত অংশীদার বা নিরীক্ষক) | ৫০০০০/- | ২৫০০০/- |
| ৭। | নিরীক্ষা ফার্মের শাখা (প্রত্যেক শাখার জন্য) | ৫০০০/- | ২৫০০/- |
| ৮। | বিলম্ব ফি | সর্বনিম্ন ৫০০/- ও সর্বোচ্চ তালিকাভুক্তির ফি এর সমান | সর্বনিম্ন ৫০০/- ও সর্বোচ্চ নবায়নের ফি এর সমান |
| ৯। | তথ্য পরিবর্তন ফি | ১০০০/- | ১০০০/- |
| ১০। | সনদ বা সাময়িক সনদ ফি (তালিকাভুক্তি ও নবায়ন) | ১০০০/- | ১০০০/- |
| ১১। | সনদ সংশোধনের ফি | ১০০০/- | ১০০০/- |

* তফসিলের ক্রমিক নং ৮ এ উল্লিখিত সর্বোচ্চ বিলম্ব ফি নির্ধারণের ক্ষেত্রে বিলম্বের সময়সীমা বা গড় মাসিক হিসাব ১২ (বারো) মাসের ভগ্নাংশ হিসাবে বিবেচনা করা যাইবে।